



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৮.২০.৩১৫

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৮

২৬ এপ্রিল ২০২১

বিষয়: বাগেরহাট জেলার মোংলা উপজেলাধীন মোংলা সরকারি কলেজ এর সাময়িক বরখাস্তকৃত ইসলাম শিক্ষা বিষয়ের প্রভাষক জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরিতে পুনর্বহাল।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোংলা সরকারি কলেজ, বাগেরহাট এর সাময়িক বরখাস্তকৃত ইসলাম শিক্ষা বিষয়ের প্রভাষক জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ এর বরখাস্ত প্রত্যাহারসহ কাজে যোগদান ও পূর্ণবেতনে ভাতাদি প্রদানের বিষয়ে করণীয় নির্ধারণে মতামত প্রদান করার জন্য অধ্যক্ষ আবেদন করেন।

মোংলা সরকারি কলেজ, বাগেরহাট এর ইসলাম শিক্ষা বিষয়ের প্রভাষক জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ ১৪/১১/২০১৫খ্রি. তারিখ অভিযোগের ভিত্তিতে এবং গত ১৫/১১/২০১৫খ্রি. তারিখ মোংলা থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর ১০ ধারার ০৭/১৩৫ নং মামলায় মোংলা থানা কর্তৃক গ্রেফতার হয়ে জেল হাজতে যাওয়ায় গত ২২/১১/২০১৫ তারিখে মোংলা কলেজ পরিচালনা পর্ষদের সভায় সর্বসম্মতিক্রমে তাঁকে গত ১৫/১১/২০১৫খ্রি. তারিখ থেকে সাময়িক বরখাস্ত করা হয়। সাময়িক বরখাস্তকালীন তাকে বিধি মোতাবেক খোরপোশ ভাতা প্রদান করা হয়।

তিনি সাময়িক বরখাস্তের বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে ১২/০৬/২০১৬খ্রি. তারিখ রিট পিটিশন নং- ৬২১৩/২০১৬ দায়ের করেন যা গত ১৮/০৯/২০১৯খ্রি. তারিখ প্রাত্যাহার করা হয়। ১৫/১১/২০১৫খ্রি. তারিখে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর ১০ ধারার অপরাধে ০৭/১৩৫ নং মামলায় তিনি গত ২৪/০২/২০২০ তারিখে বেকসুর খালাস পেয়েছেন।

অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার লিখিত মতামত নিম্নরূপ: “বাগেরহাট জেলার সদ্য জাতীয়করণকৃত মোংলা সরকারি কলেজের প্রভাষক (ইসলামী শিক্ষা) জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ এর সাময়িক বরখাস্ত প্রত্যাহার পূর্বক চাকুরিতে পুনর্বহালের বিষয়ে সংশ্লিষ্ট কলেজের অফিস ইন-চার্জ, জনাব মোঃ গোলাম সরোয়ার বিগত ০২/০৬/২০২০ তারিখের স্মারক নং-মোঃ কঃ মপ/৫/২০ পত্রে আবেদন প্রেরণ করেন। কলেজটি বেসরকারি থাকা অবস্থায় জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইবুনাল-২, বাগেরহাট-এ নারী ও শিশু মামলা নং- ১৪০/২০১৯ (মোংলা থানার মামলা নং-০৭, তারিখ-১৪/১১/২০১৫, জি, আর-১৩৫/১৫ থেকে উদ্ভূত) দায়ের হয়। উক্ত মামলায় তিনি গ্রেফতার হয়ে কারাবাস করেন এবং কলেজ কর্তৃপক্ষ তাকে ১৩/১২/২০১৫ তারিখে সাময়িক বরখাস্ত করেন। বর্ণিত মামলাটি শুনানীশেষে মাননীয় আদালত বিগত ২৪/০২/২০২০ তারিখে মামলার আসামী আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ এর বিরুদ্ধে আনীত নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর ১০ ধারায় অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত না হওয়ায় তাকে অভিযোগ থেকে খালাস প্রদান করেন।

আরো দেখা যায় যে, প্রভাষক (ইসলামী শিক্ষা) জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ এর বিরুদ্ধে নারী ও শিশু মামলা নং- ১৪০/২০১৯ (মোংলা থানার মামলা নং-০৭, তারিখ-১৪/১১/২০১৫, জি, আর-১৩৫/১৫ থেকে উদ্ভূত) দায়ের হওয়ায় এবং জেল হাজতে যাওয়ার কারণে বিগত ১৩/১২/২০১৫ তারিখের নং-মোঃ কঃ/ শিঃ শৃঃ/ ১/১৫ স্মারক পত্রে কলেজ কর্তৃপক্ষ তাকে সাময়িক বরখাস্ত করেন এবং বিধি মোতাবেক খোরপোশ ভাতা প্রদান করেন। উক্ত সাময়িক বরখাস্তের বিরুদ্ধে আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬২১৩/২০১৬ দায়ের করেন। উক্ত রিট পিটিশনটি তিনি ৩১/১০/২০১৮ তারিখে non-prosecution করেন। ফলে মহামান্য আদালত মামলাটি খারিজ করে দেন।

উপরিউক্ত মামলাদ্বয়ের সার্বিক অবস্থা পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রভাষক (ইসলামী শিক্ষা) জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ-কে সাময়িক বরখাস্ত প্রত্যাহারপূর্বক চাকুরীতে পুনর্বহাল করতে আইনগত কোন বাধা নেই।

বর্ণিত মামলাদ্বয় নিষ্পত্তি হওয়ার কারণে প্রভাষক (ইসলামী শিক্ষা) জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ-কে সাময়িক বরখাস্ত প্রত্যাহারপূর্বক চাকুরীতে পুনর্বহাল করা যেতে পারে”।

**আইন শাখার মতামত:** কোর্টের রায়ের আলোকে এবং আইন উপদেষ্টার মতামত অনুসারে শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত গ্রহণ করে সংশ্লিষ্ট কলেজের প্রভাষক (ইসলামী শিক্ষা) জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ-কে সাময়িক বরখাস্ত প্রত্যাহারপূর্বক চাকুরীতে পুনর্বহালের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।


প্রভাষক (ইসলামী শিক্ষা) জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ-কে সাময়িক বরখাস্ত প্রত্যাহারপূর্বক চাকুরীতে পুনর্বহাল করার বিষয়ে অত্র অধিদপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত এবং আইন শাখার মতামত অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত কামনা করে পত্র প্রেরণ করা হয়।

মাউশির পত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৮৫. ৯৯.০০১.২০.১৪৩; তারিখ: ০৪/০১/২০২১খ্রি. মোতাবেক বাগেরহাট জেলার মোংলা উপজেলাধীন মোংলা সরকারি কলেজ এর সাময়িক বরখাস্তকৃত ইসলাম শিক্ষা বিষয়ের প্রভাষক জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক চাকুরীতে পুনর্বহাল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে।

বর্ণিত বিষয়টি মাউশি অধিদপ্তরের মার্চ/২০২১ মাসের এমপিও কমিটির সভায় উপস্থাপন করা হয়।

**কমিটির সুপারিশ:** শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনার প্রেক্ষিতে বাগেরহাট জেলার মোংলা উপজেলাধীন মোংলা সরকারি কলেজের প্রভাষক (ইসলাম শিক্ষা) জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ কে স্বপদে বিধি মোতাবেক পুনর্বহাল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

এমতাবস্থায়, মাউশি অধিদপ্তরের মার্চ/২০২১ মাসের এমপিও কমিটির সভার কমিটির সুপারিশ অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনার প্রেক্ষিতে বাগেরহাট জেলার মোংলা উপজেলাধীন মোংলা সরকারি কলেজের প্রভাষক (ইসলাম শিক্ষা) জনাব আবু ইব্রাহীম শাহ মোঃ বাকী বিল্লাহ কে স্বপদে বিধি মোতাবেক পুনর্বহাল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৭-৪-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক কলেজ ৩

বিতরণ :

- ১) উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট
- ২) অধ্যক্ষ, মোংলা সরকারী কলেজ, মোংলা, বাগেরহাট


স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৮.২০.৩১৫/১(৪)

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৮  
২৬ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

- ২) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
৩) শিক্ষা অফিসার-১, আইন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
৪) জনাব আবু ইব্রাহীম শাহ্ মো: বাকী বিল্লাহ, প্রভাষক (ইসলামী শিক্ষা) মোংলা সরকারি কলেজ, মোংলা, বাগেরহাট



২৭-৪-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক কলেজ ৩